

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সিলেট-৩১১৪, বাংলাদেশ

পিএবিএক্স : ০৮২১-৭১৩৪৯১ / ৭১৪৪৭৯ / ৭১৬১২৩

৭১৩৮৫০ / ৭১৭৮৫০ / ৭১৫৩৯৩

ফ্যাক্স : ৮৮-০৮২১-৭১৫২৫৭

ই-মেইল : registrar@sust.edu



Shahjalal University of Science & Technology

Sylhet-3114, Bangladesh

PABX : 0821-713491 / 714479 / 716123

713850 / 717850 / 715393

FAX : 88-0821-715257

e-mail : registrar@sust.edu

Aca-17/256/5/250

Date : 27-02-2018


Dear Prof. Sultana N.Nahar
Research Professor, Department of Astronomy
The Ohio State University, 4001 McPherson Lab
140 w. 18th Ave, Columbus, OH 43210-1173
USA

As-Salamualaikum,

Hope you are fine. We are very much grateful and show our acknowledgement to you to take this great initiative by raise a scholarship fund named " Sultana N.Nahar and Alburuj R.Rahman Trust Fund" for increase better knowledge on the field of Physics at Shahjalal University of Science & Technology. Here also mentioned that the University Authority approved your scholarship agreement. So, now for further continuation you will must ensure us by a written agreement on a Non-Judicial Stamp values Tk. 300/= only .


Herewith attached an agreement copy for your kind information .

Sincerely,


Registrar 27-2-18
SUST, Sylhet .
Contact - 01913-785108

Copy to :

1. P.S. to Vice-Chancellor , SUST, Sylhet .
2. P.A. to Treasurer , SUST , Sylhet .
3. File .


27-02-2018
Deputy Registrar

সংক্ষোভিত্তি কলি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট।

এই দলিল নিম্নে উল্লিখিত পক্ষদ্বয়ের মধ্যে দুই হাজার সতের শ্রীষ্টাব্দের ... মাসের ...
... তারিখ সিলেটে সম্পাদিত হয়েছে।

- ১। **Prof. Sultana N. Nahar**, Research Professor, Department of Astronomy, The Ohio State University, 4001 McPherson Lab, 140 W. 18th Ave, Columbus, Ohio 43210-1173 USA, Email: nahar.1@osu.edu, Website :<http://www.astronomy.ohio-state.edu/~nahar/> Phone : 614-292-1888, FAX : 614-292-2928 .

... প্রথম পক্ষ দলিল দাতা।

- ২। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় পরবর্তীতে 'বিশ্ববিদ্যালয়' নামে উল্লিখিত (যাতে নিয়োগী মনোনীত ব্যক্তি, নির্বাহক, প্রশাসক ইত্যাদি এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক নিযুক্ত ট্রাস্ট বোর্ড অন্তর্ভুক্ত)।

... দ্বিতীয় পক্ষ দলিল গ্রহীতা।

যেহেতু দাতা Prof. Sultana N. Nahar তাঁর নিজ উদ্যোগে- আনুষ্ঠানিক স্বীকৃতিবাবদ Award/Prize প্রদানের মাধ্যমে পদার্থ বিজ্ঞানে উন্নত জ্ঞান অর্জন এবং এ বিষয়ে গবেষণামূলক কাজের অগ্রগতি সাধনে অধিকতর উৎসাহিত করার লক্ষ্যে একটি ট্রাস্ট বোর্ডের ব্যবস্থাপনায় নিম্নোক্ত উদ্দেশ্যে উক্ত বিশ্ববিদ্যালয়ে "Sultana N. Nahar and Alburuj R. Rahman" ট্রাস্ট ফান্ড, যা দলিলে 'তহবিল' নামে উল্লিখিত হয়েছে।

এবং

যেহেতু দাতা ১৫ নভেম্বর ২০১৭ তারিখে বিশ্ববিদ্যালয়কে চিরতরে ৬,০০,০০০/= (ছয় লক্ষ) টাকা দান করেছেন এবং বিশ্ববিদ্যালয় উপরোক্ত দান 'তহবিল' প্রতিষ্ঠার জন্য গ্রহণ করেছেন।

এবং

যেহেতু উভয় পক্ষ (দাতা ও বিশ্ববিদ্যালয়) এই ট্রাস্ট দলিলের ভিত্তিতে এই 'তহবিল' প্রতিষ্ঠায় ও পরিচালনায় সম্মত হয়েছেন, সেহেতু নিম্নবর্ণিত শর্তা সমূহের অধীনে এই দলিল সম্পাদিত হলো :

উদ্দেশ্য :

এই তহবিলের উদ্দেশ্য , বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের Faculty Member (শিক্ষক) -দের মাঝে উন্নত গবেষণা ও শ্রেণীকক্ষে শিক্ষার্থীদের যুগোপযোগী শিক্ষাদানে উৎসাহিত করা এবং মাস্টার্স শিক্ষার্থীদের উক্ত বিষয়ে উন্নত জ্ঞান অর্জনের মাধ্যমে মানসম্পন্ন থিসিস পেপার তৈরীতে মনোনিবেশ প্রদানে আগ্রহী করে তোলার লক্ষ্যে আনুষ্ঠানিক স্বীকৃতি স্বরূপ সনন্দপত্র বিতরণ এবং Award/Prize বাবদ সম্মানি প্রদান করা।

(চলমান পাতা)

শর্তাবলী

- ০১। বিশ্ববিদ্যালয়ে দুই হাজার সতের খ্রীষ্টাব্দের তারিখ হতে দাতা কর্তৃক ১৫ ই নভেম্বর ২০১৭ খ্রীঃ তারিখে দানকৃত ৬,০০,০০০/= (ছয় লক্ষ) টাকায় “Sultana N. Nahar and Alburuj R. Rahman” ট্রাস্ট ফান্ড প্রতিষ্ঠিত হলো।
- ০২। ট্রাস্ট ফান্ডের সমুদয় অর্থ ট্রাস্ট ফান্ডের নামে স্থায়ী আমানত হিসাবে একটি তফসিলী ব্যাংকে রাখা হবে।
- ০৩। স্থায়ী আমানতের বার্ষিক লভ্যাংশ থেকে ১০% (দশ ভাগ) ট্রাস্ট ফান্ড পরিচালনায় ব্যয় বাবদ বিশ্ববিদ্যালয় কেটে রাখবেন। অবশিষ্ট টাকা থেকে মোট ০৩(তিন)-টি Award/Prize বাবদ বিশ্ববিদ্যালয় প্রদান করিবেন।
- ০৪। একটি বিশেষজ্ঞ কমিটির মতামতের ভিত্তিতে “Sultana N. Nahar Distinguished Teacher of the year” নামে একটি Award/Prize পদার্থ বিজ্ঞান বিভাগের সর্বাপেক্ষা ভাল গবেষণাপত্র প্রকাশনাকারী একজন Faculty Member (শিক্ষক)- কে এবং অপর Award/Prize টি “Sultana N. Nahar best Teacher of the year” নামে পদার্থ বিজ্ঞান বিভাগে সর্বাপেক্ষা ভাল শিক্ষাদানকারী একজন Faculty Member (শিক্ষক)- এর মাঝে মোট দুটি Award/Prize প্রদান করা হবে। তাছাড়া মাস্টার্স থিসিস পরীক্ষক কমিটির মতামতের ভিত্তিতে মাস্টার্স/পি.এইচ.ডি-তে সবচেয়ে ভাল থিসিস পেপার প্রদানকারী শিক্ষার্থীর মাঝে “Alburuj R. Rahman” নামে একটি Award/Prize বিতরণ করা হবে।
- ০৫। Award/Prize -এর টাকা লগ্নিকৃত অংকের লভ্যাংশ থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিবেচনার মাধ্যমে প্রদান করিবেন। বৃত্তির সম্মানির পরিমাণ প্রশাসনিক ব্যয় ১০% বাদে অবশিষ্ট টাকার ৪০% হারে ফেকাল্টি মেম্বারদের মাঝে এবং ২০% পরিমাণ টাকা শিক্ষার্থীর মাঝে বিতরণ করা হবে। কোন কারণে দুজন শিক্ষার্থী সম্মিলিতভাবে একই ফলাফল প্রাপ্ত হয় তবে Award/Prize -এর টাকা সমান দুই ভাগে বিতরণ করা হবে।
- ০৬। কোন বছর যদি কোন বিশেষ কারণে Award/Prize বিতরণ করা সম্ভব না হয় বা Award/Prize বিতরণের জন্য উপযুক্ত বিভাগীয় মনোনয়ন পাওয়া না যায়, তবে লভ্যাংশের অবশিষ্ট টাকা তহবিল বৃদ্ধির কাজে ব্যবহৃত হবে। কোন অবস্থাতেই ফান্ডের মূল টাকার মূলধনে ব্যবহার করা যাবে না।
- ০৭। ট্রাস্ট ফান্ড বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম-নীতি অনুসারে পরিচালিত হবে।
- ০৮। একটি বিশেষজ্ঞ কমিটির মতামতের ভিত্তিতে Faculty Member (শিক্ষক) -দের এবং প্রযোজ্যক্ষেত্রে মাস্টার্স থিসিস পরীক্ষক/ পিএইচ.ডি থিসিস পরীক্ষক কমিটির মতামতের ভিত্তিতে শিক্ষার্থীদেরকে তাদের বিভাগীয় প্রধানের মনোনয়ন নিয়ে বিশ্ববিদ্যালয় বৃত্তিবন্টন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের পর ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে এই বৃত্তিগুলো বিতরণ করা হবে।
- ০৯। উক্ত তহবিল পরিচালনা করার জন্য নিম্নরূপ ট্রাস্টী বোর্ড (পরবর্তীতে বোর্ড নামে উল্লেখ করা যাবে) গঠন করা হবে।

(চলমান পাতা)

বোর্ড এর পরিচালক মডলী

- ক) কোষাধ্যক্ষ - চেয়ারম্যান
খ) ভাইস-চ্যান্সেলর কর্তৃক মনোনীত একজন ডিন - সদস্য
গ) দাতা কর্তৃক মনোনীত ২ জন প্রতিনিধি - সদস্য
ঘ) রেজিস্ট্রার - সদস্য-সচিব

১০। বাৎসরিক ভিত্তিতে ট্রাস্ট ফান্ডের কার্যাবলি এবং Award/Prize বাবদ সম্মানি বিতরণের কপি দাতাকে দেয়া হবে।

১১। তহবিলের হিসাবসমূহ অন্যান্য ট্রাস্টের ন্যায় রেজিস্ট্রার অথবা তৎকর্তৃক মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক পরিচালিত হবে।

তহবিলের সুষ্ঠু, সুন্দর এবং যথোপযুক্ত পরিচালনার জন্য বোর্ড বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের নিকট দায়ী থাকবেন।

১২। তহবিলের সুষ্ঠু ব্যবস্থাপনা এবং পরিচালনার জন্য বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের অনুমোদনক্রমে বোর্ড প্রয়োজনবোধে বিধি, প্র-বিধি প্রণয়ন ও কমিটি গঠন করতে পারবেন।

১৩। উপরোক্ত অনুচ্ছেদাবলী প্রয়োগের ক্ষেত্রে কোন বিষয়ে কোন ধরনের জটিলতা সৃষ্টি হলে সে ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক ব্যাখ্যা চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। যেহেতু দাতা **Prof. Sultana N. Nahar** বিদেশে অবস্থান করছেন, তাই তাঁর পক্ষে নিম্নলিখিত দুই জন প্রতিনিধি ট্রাস্ট বোর্ডের সদস্য থাকবেন।

ক)

খ)

এ সকল শর্তে উপযুক্ত পক্ষদ্বয় এ দলিল প্রথম দিন ও তারিখে তাদের স্ব-স্ব স্বাক্ষর প্রদান করবেন।

স্বাক্ষীগণের স্বাক্ষর :

দাতার স্বাক্ষর :

১।

১।

২।

২।

বিশ্ববিদ্যালয়ের পক্ষে কোষাধ্যক্ষের স্বাক্ষর ও তারিখ